ALL INDIA RADIO

# আকাশবানী শিলচর

REGIONAL NEWS UNIT

EVENING NEWS BULLETIN

BENGALI

10 AUGUST 2024 7:45—7:55 PM IST

==========================================================================

১) ব্যাঙ্কগুলির জমা ও ঋণের সঙ্গে যুক্ত মূল কাজকর্মগুলিতে অগ্রাধিকার প্রদান করতে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণের ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের সঞ্চালক মন্ডলির প্রতি আহ্বান ।

২) রাজ্যে আগামী ডিসেম্বর মাসের মধ্যে পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা রয়েছে বলে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী রঞ্জিত কুমার দাসের প্রকাশ ।

৩) বাংলাদেশের সাম্প্রতিক ঘটনার পরিপ্রেক্ষিতে ভারত-বাংলাদেশ সীমান্তের আর্ন্তজাতিক নদী, বন্দরের কাজকর্ম সাময়িকভাবে স্থগিত।

৪) সমগ্র আসামের সঙ্গে বরাক উপত্যকায়ও হর-ঘর-তিরঙ্গা কার্যসূচি ।

এবং

৫) রাজ্য সরকারের খেল মহারণের দ্বিতীয় পর্ব আয়োজনের সিদ্ধান্ত ।

---

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ আজ নতুন দিল্লিতে ভারতীয় রিজার্ভ ব্যাংকের সঞ্চালক মন্ডলীর সঙ্গে বাজেট পরবর্তী এক রুটিন বৈঠকে অংশগ্রহণ করেন । বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে কথাপ্রসঙ্গে শ্রীমতি সীতারমণ মূল ব্যাংকিং ক্ষেত্রের উপর গুরুত্ব আরোপের প্রয়োজনীয়তার উপর জোর দেন। তিনি ব্যাংক সমূহকে জমা এবং ঋণরাশির সঙ্গে জড়িত মূল কাজগুলিতে অগ্রাধিকার প্রদান করার আহ্বান জানান । বৈঠকে অংশগ্রহণ

করে রিজার্ভ ব্যাংকের গর্ভনর শক্তিকান্ত দাস বলেন যে- ব্যাংকগুলি তাদের সুদের হার সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে সম্পূর্ণ স্বাধীন । জমা অর্থ ঋণের সুদের হার সময়ে সময়ে পরিবর্তন করা হয় বলে রিজার্ভ ব্যাংকের গর্ভনর জানান । অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ বলেন যে- সরকার বহু প্রতীক্ষিত ব্যাংকিং নিয়ম সংশোধনের লক্ষ্যে কাজ করে যাচ্ছে । এরমধ্যে সমবায় ব্যাংকিং ক্ষেত্রের সঙ্গে জড়িত গুরুত্বপূর্ণ পুর্নগঠন অন্যতম বলো মন্ত্রী মন্তব্য করেছেন । নাম মনোনয়ন বা নমিনি ব্যবস্থা গ্রাহক অনুকূল পদক্ষেপ বলে উল্লেখ করে শ্রীমতি সীতারমণ বলেন যে- এই পদক্ষেপের মাধ্যমে গ্রাহকদেরকে মনোনয়নের বিকল্প লাভ করার বিষয়টি সুনিশ্চিত করা হবে এবং মনোনীত ব্যক্তি সহজেই যথোচিত অধিকারের দাবি সাব্যস্ত করতে পারবে । উল্লেখ্য- ২০২৪-২৫ অর্থবছরের কেন্দ্রীয় বাজেটে বেশকয়েকটি সংশোধনীর মাধ্যমে লোকসভায় অনুমোদনের পরবর্তী পর্যায়ে আজ এই বৈঠকটি অনুষ্ঠিত হয়েছে ।

---

কেন্দ্রীয় মন্ত্রীসভা প্রধানমন্ত্রী আবাস যোজনা শহরাঞ্চলীয় যোজনার দ্বিতীয় পর্যায়ে অনুমোদন জানিয়েছে । একই সঙ্গে মন্ত্রীসভা ২০২৪-২৫ সাল থেকে ২০২৮-২৯ সাল পর্যন্ত প্রধানমন্ত্রী আবাস যোজনার গ্রামীন প্রকল্প রূপায়নের ক্ষেত্রে সবুজ সঙ্কেত দিয়েছে । গতকাল সংবাদ মাধ্যমকে এই মর্মে জানিয়ে কেন্দ্রীয় তথা ও সম্প্রচারমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ বলেছেন যে প্রধানমন্ত্রী আবাস যোজনার অধীনে নতুন করে তিন কোটি বাসগৃহ নির্মান করা হবে । এরমধ্যে ২ কোটি বাসগৃহ গ্রামাঞ্চলে এবং ১ কোটি শহরাঞ্চলে নির্মান করা হবে । তিনি আরো জানিয়েছেন যে এই যোজনা বাস্তবায়িত করতে ৩ লক্ষ ৬০ হাজার কোটি টাকার প্রস্তাবে অনুমোদন জানানো হয়েছে ।

প্রধানমন্ত্রী আবাস যোজনার অধীনে শহরাঞ্চলে কর্মরত মহিলাদের জন্য আবাসগৃহের ব্যবস্থা করা সহ অর্থনৈতিকভাবে পশ্চাদপদ শ্রেনী , নিম্ন আয় শ্রেনী এবং মাঝারী আয় শ্রেনীর লোকেদের জন্য ৪ শতাংশ রেহাই প্রদানের মাধ্যমে ২৫ লক্ষ টাকা পর্যন্ত গৃহঋণ প্রদান করা হবে বলে মন্ত্রী সাংবাদিকদের জানিয়েছেন ।

এদিকে কৃষি এবং কৃষক কল্যান মন্ত্রনালয়ের প্রস্তাবিত স্বচ্ছ রোপন প্রকল্পের জন্যও সরকার প্রয়োজনীয় অর্থ মঞ্জুর করেছে বলে শ্রী বৈষ্ণ সাংবাদিকদের জানিয়ে বলেন যে এর মাধ্যমে মাধ্যমে বীজানুমুক্ত তথা উচ্চ মান সম্পন্ন বীজ ও গাছের চারা ইত্যাদির ব্যবস্থা করে উৎপাদন বৃদ্ধি করে কৃষকদের আয়ের পরিমান বৃদ্ধি করার প্রয়াস গ্রহণ করা হয়েছে ।

এছাড়াও অগ্রণী জৈব ইন্ধন প্রকল্পের জন্য আর্থিক সহায়তা প্রদান করার জন্য প্রধানমন্ত্রী জি-ওয়ান প্রকল্পেও মন্ত্রীসভা অনুমোদন জানিয়েছে বলে কেন্দ্রীয় মন্ত্রী সাংবাদিকদের জানিয়েছেন । তিনি জানান যে এর জন্য ১ হাজার ৯শো ৬৯ কোটি টাকা বিনিয়োগের ব্যবস্থা করা হবে ।

শ্রী বৈষ্ণ আরো জানান যে অনুসুচিত জাতি ও উপজাতি সম্প্রদায়ের লোকেদের জন্য সংরক্ষণের বিষয়টিতে উচ্চতম ন্যায়লয়ের গ্রহণ করা স্থিতি সম্পর্কেও মন্ত্রীসভার বৈঠকে বিস্তারিত আলোচনা করা হয়েছে । অনুসুচিত জাতি ও উপজাতি সম্প্রদায়ের লোকেদের জন্য সংরক্ষণের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করার বিষয় সম্পর্কে মন্ত্রী বলেন যে বাবাসাহেব আম্বেদকারের প্রস্তাব করা সংবিধানের বিধিসমূহ পালন করতে এন ডি এ সরকার প্রতিশ্রুতিবদ্ধ ।

---

আসন্ন সারদীয় দুর্গোৎসবের পরই রাজ্যে পঞ্চেত নির্বাচন অনুষ্ঠিত হবে । এর আগে প্রত্যেকটি উন্নয়ন খন্ড সহ গ্রাম পঞ্চায়েত, আঞ্চলিক পঞ্চায়েত এবং জিলা পরিষদ গুলির পুনর গঠন প্রক্রিয়া সম্পন্ন করা হবে । রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী রঞ্জিত কুমার দাস গতকাল তিনসুকীয়াতে সাংবাদিকদের এ কথা জানিয়ে বলেন যে পঞ্চায়েত নির্বাচনের আগে আগামী পয়লা সেপ্টেম্বর থেকে ৭ সেপ্টেম্বরের মধ্যে রাজ্যের উন্নয়ন খন্ড গুলির পুনরগঠন প্রক্রিয়া বাধ্যতামূলক ভাবে সম্পন্ন করতে হবে । তিনি জানান যে ৭ সেপ্টেম্বরের পর খসড়ার সক্ষিপ্ত তালিকা প্রকাশ করা হবে এবং ওই খসড়া তালিকার ওপর কারা কোন ধরণের আপত্তি থাকলে তা ১৭ সেপ্টেম্বরের মধ্যে নিস্পত্তি করতে হবে । আপত্তি সম্পর্কে যদি কোন ধরণের সংশোধনীর প্রয়োজন হয় তবে সেই কাজ সংশ্লিষ্ট জেলা আয়ুক্তদের সম্পন্ন করতে হবে । এছাড়াও , ১৭ সেপ্টেম্বরের পর যদি অতিরিক্ত কোন তালিকা প্রকাশ করতে হয় তবে সেই তালিকা জিলা আয়ুক্তরা রাজ্য নির্বাচন কমিশনকে প্রদান করবেন । সেই অনুসারে আগামী ডিসেম্বর মাসের মধ্যেই পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত করা সম্ভব হবে বলে মন্ত্রী শ্রী দাস আশা প্রকাশ করেন ।

---

বাংলাদেশের সাম্প্রতিক অস্থির পরিস্থিতির পরিপ্রেক্ষিতে ভারত এবং বাংলাদেশের মধ্যে ব্যবসা বনিজ্যে প্রভাব পড়ছে ।পার্শ্ববর্তী দেশটির আর্থ সামাজিক অস্থিরতার ফলে ধুবরী জেলার ভারত - বাংলাদেশ সীমান্তের আন্তর্জাতিক নদী বন্দর

সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে ।উল্লেখ্য ভারত ও ভূটান তথা বাংলাদেশের পূর্ববর্তি সরকারের সঙ্গে একগুচ্ছ আলোচনার পর ভারতীয় আভ্যন্তরীণ জলপথ কর্তৃপক্ষ ধুবরী জেলার এই নদী বন্দরটি দিয়ে ভূটান থেকে বাংলাদেশের সিলমারী নদী বন্দরে পাথর প্রেরণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছিল ।কিন্ত বাংলাদেশের অস্থির পরিস্থিতির জন্য ভারত সরকার সাময়িকভাবে এই ব্যবসা বন্ধ রেখেছে ।
এদিকে বাংলাদেশে অর্ন্তবর্তীকালীন সরকার গঠন হওয়ার পর দেশটির উচ্চতম ন্যায়ালয়ের মুখ্য বিচারপতি ওবাইদুল হাসান পদত্যাগ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন ।সেদেশের ছাত্রনেতারা মুখ্যবিচারপতি ওবাইদুল হাসান সহ অন্যান্য বিচারপতিদের আজ দুপুরের মধ্যে পদত্যাগ করার চূড়ান্ত সময়সীমা বেঁধে দিয়েছিল ।এই অনুযায়ি মুখ্যবিচারপতি অন্যান্য বিচারপতিদের সুরক্ষা সুনিশ্চিত করতে রাষ্ট্রপতি মহম্মদ সাহাবুদ্দিনের সঙ্গে আলোচনা করে পদত্যাগপত্র দাখিল করবেন ।

---

নাগালেন্ড সরকার বাংলাদেশের অস্থির পরিস্থিতির প্রতি লক্ষ্য রেখে যে কোন ধরণের অনুপ্রবেশ প্রতিরোধ করতে উচ্চ সতর্কতা জারি করেছে ।নাগালেন্ডের গৃহ বিভাগের আয়ুক্ত ব্যায়াসন আর ইয়েস্টারডে বলেছেন যে রাজ্যের সব জেলা আয়ুক্তদের এই বিষয়ে সতর্ক দৃষ্টি রাখার নির্দেশ দেওয়া হয়েছে ।এছাড়া ভিলেজ কাউন্সিলকে কোনধরণের অসামাজিক গতিবিধি বা ঘটনার প্রতি নজর রাখার জন্য সক্রিয় করে তুলতে জেলা আয়ুক্তদের পরামর্শ দেওয়া হয় ।

---

আসন্ন স্বাধীনতা দিবস উপলক্ষে দেশজুড়ে আয়োজিত ‘হর ঘর তিরঙ্গা’ কার্যসূচী আসামেও রূপায়ণ করা হচ্ছে । রাজ্যের সাংস্কৃতিক পরিক্রমা দপ্তরের মন্ত্রী বিমল বরার পৌরহিত্যে দিসপুর জনতা ভবনে এই সংক্রান্ত এক সভায় কার্যসূচী চূড়ান্ত করা হয় । এবং এই বিষয়ে পর্যালোচনা করা হয়েছে । এই সভায় আগামী ১৩ই আগস্ট থেকে ১৫ই আগস্ট পর্যন্ত অনুষ্ঠেয় ‘হর ঘর তিরঙ্গা’ কার্যসূচীতে গ্রামীণ জীবিকা অভিযানের আধিকারিকদেরকে জীবিকা সখীদের দ্বারা সমগ্র রাজ্যে স্কুটি র‍্যালি আয়োজন করানোর নির্দেশ দেওয়া হয়েছে । রাজ্যের সাংস্কৃতিক সঞ্চালকালয়ের উদ্যোগে আগামী ১৩ই আগস্ট শ্রীমন্ত শঙ্করদেব কলাক্ষেত্রে ‘ত্রিরঙ্গ সমলয়’ শীর্ষক দেশাত্মবোধক সঙ্গীতের এক অনুষ্ঠানের আয়োজন করা

হয়েছে । এই অনুষ্ঠানে সরকারী চারু কারু কলা মহাবিদ্যালয়ের দেশপ্রেম এবং বিকশিত আসামকে বিষয়বস্তু করে আঁকা এক বৃহৎ তিরঙ্গা ক্যানভাস প্রদর্শন করা হবে । রাজ্যের সাংস্কৃতিক পরিক্রমা মন্ত্রী বিমল বরা এই অনুষ্ঠানে উপস্থিত থাকবেন । এদিকে এই সভায় জনসংযোগ বিভাগকে ঘরে ঘরে তেরঙ্গা বার্তা প্রচারের জন্য হোর্ডিং লাগানোর পাশাপাশি টেলিভিশনের মাধ্যমে এই সম্পর্কে প্রচার চালানোর নির্দেশ দেওয়া হয়েছে ।

'হর ঘর তিরঙ্গা' কার্যসূচীর অধীনে বরাক উপত্যকায়ও বিভিন্ন কার্যসূচী গ্রহণ করা হয়েছে । কাছাড় জেলায় এই কার্যসূচী রূপায়ণের বিষয়ে আলোচনার উদ্দেশ্যে গতকাল কাছাড়ের জেলা আয়ুক্ত রোহণ কুমার ঝা আয়ুক্তের সভাকক্ষে সংশ্লিষ্ট আধিকারিকদের নিয়ে এক বৈঠকের আয়োজন করেন । এতে আগামী ১৫ই আগস্ট স্বাধীনতা দিবসের জেলা পর্যায়ের মূল অনুষ্ঠান সুষ্ঠুভাবে আয়োজনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সংশ্লিষ্ট সবাইকে নির্দেশ দিয়েছেন । এছাড়া 'হর ঘর তিরঙ্গা' কার্যসূচীর আওতায় আগামী ১২ই আগস্ট থেকে ১৫ই আগস্ট পর্যন্ত প্রতিটি বাড়িতে এবং সরকারী ভবনগুলিতে তিরঙ্গা লাগানোর আহ্বান জানানো হয়েছে । এছাড়া 'হর ঘর তিরঙ্গা' কার্যসূচীর অর্ন্তগত আগামী ১৩ই আগস্ট বাইক র‍্যালি, দৌড় ছাড়াও গান্ধীবাগে এই উদ্দেশ্যে একটি বিশেষ সেলফি পয়েন্ট তৈরি করে দেওয়া হবে । শিলচর পৌরসভার কার্যবাহী আধিকারিক ভান লাল লিমপুইয়া নামপুইকে গান্ধীবাগ পার্কে সেলফি পয়েন্ট তৈরি করে দেওয়ার দায়িত্ব দেওয়া হয় । এছাড়া কাছাড় পুলিশের পক্ষ থেকে তিরঙ্গা র‍্যালি অভিযানের অধীনে বাইক র‍্যালি আয়োজন করা হবে বলেও বৈঠকে জানানো হয় । জেলার শিক্ষা বিভাগের দায়িত্বে থাকা অতিরিক্ত আয়ুক্ত অন্তরা সেনকে জেলার বিদ্যালয়গুলিতে তিরঙ্গা যাত্রা এবং শপথ গ্রহণ অনুষ্ঠান আয়োজনের বিষয়টি দেখাশোনার দায়িত্ব দেওয়া হয়েছে । জেলা আয়ুক্ত শ্রী ঝা জেলার সংস্কৃতি বিকাশ আধিকারিককে স্বাধীনতা সংগ্রামী অথবা তাদের পরিবারের লোকেদের সংবর্ধনা প্রদানের দিকটি দেখার দায়িত্ব দেওয়া হয় ।

---

প্যারিস অলিম্পিকে ব্রোঞ্জ পদক বিজয়ী ভারতীয় পুরুষ হকী দলটিকে আজ দিল্লী বিমান বন্দরে স্বাগত জানানো হয় । দলটি বিমানবন্দরে এসে উপস্থিত হওয়ার সঙ্গে সঙ্গে ক্যাপ্টেন হরমন প্রীত সিং , গোলরক্ষক পি আর শ্রীজেস এবং প্রাক্তন হকী ক্যাপ্টেন মনপ্রীত সিং সহ অন্যান্য সবাইকে ফুলের মালা দিয়ে স্বাগত জানানো হয় ।

---

খেল মহারণের প্রথম পর্বের সফলতার পর রাজ্য সরকার বহু প্রত্যশিত এই ক্রীড়া সমারোহের দ্বিতীয় পর্ব আয়োজন করার পথে অগ্রসর হচ্ছে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা জানিয়েছেন । এই খেল মহারণ তৃণমূল পর্যায়ে খেলোয়াড়দের শনাক্ত করতে বিশেষ ভাবে সহায়ক হয়েছে বলেও মুখ্যমন্ত্রী মন্তব্য করেছেন । ডক্টর শর্মা দ্বিতীয় পর্বে রাজ্যের ক্রীড়া পরিবেশের প্রসার ও প্রচারের ওপর গুরুত্ব প্রদান করা হবে বলে মত প্রকাশ করেছেন ।

---

রাজ্যের বন ও পরিবেশ মন্ত্রী চন্দ্রমোহন পাটোয়ারী আগামীকাল একদিনের সফরে হাইলাকান্দি আসছেন ।তিনি আগামীকাল সন্ধ্যা ৬ টায় হাইলাকান্দির জেলা আয়ুক্তের সভাকক্ষে অমৃত বৃক্ষ আন্দোলনের দ্বিতীয় পর্যায়ে চারা লাগানোর কর্মসূচী  সম্পর্কে এক পর্যালোচনা বৈঠকে অংশগ্রহণ করবেন ।

---

অমৃত বৃক্ষ আন্দোলনের অংশ হিসেবে আজ হাইলাকান্দি পুলিশ বিভাগের পক্ষ থেকে শহরের ৯ নম্বর ওয়ার্ডে বিশেষ বৃক্ষ রোপন কার্যসূচীর আয়োজন করা হয় ।এ উপলক্ষে শহরের জেলা আয়ুক্তের বাংলো থেকে জেলরোড পর্যন্ত রাস্তার দুপাশে গাছের চারা লাগানো হয় ।এই কার্যসূচীতে পুলিশ সুপার লীনা দোলে ছাত্রছাত্রীদের সঙ্গ বৃক্ষ রোপন করেন । পরে সাংবাদিকদের তিনি জানান যে পুলিশ বিভাগের পক্ষ থেকে জেলায় মোট ২৫ হাজার বৃক্ষ রোপন করা হবে ।

---

মাতৃভূমি কাপ প্রাইজমানি নক আউট ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় মথুরাপুর এফ সি ৩-০ গোলের ব্যবধানে লায়লাপুর এম এইচ সি ক্লাবকে পরাজিত করে প্রতিযোগিতার দ্বিতীয় রাউন্ডে প্রবেশ করেছে  ।ধলাইর বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগিতার আগামীকালের খেলায় ডিমারাজি ওয়ারিয়র রেইনবো ক্লাবের মুখোমুখি হবে ।

---

---